



বাংলাদেশ নারী ফুটবল দল তারকা ঋতুপর্ণা চাকমার গ্রামের বাড়িতে নতুন ঘর বানিয়ে দিবে বিসিবি



সংগৃহীত ছবি

বাংলাদেশ নারী ফুটবল দলের তারকা ঋতুপর্ণা চাকমার গ্রামের বাড়িতে ঘর নির্মাণ করবে বিসিবি। শনিবার অনুষ্ঠিত দীর্ঘ বোর্ড সভায় এই সিদ্ধান্ত নেওয়া হয়। এছাড়া বিপিএল, আস্পায়ার্স ইস্যু, ক্রিকেট অপারেশনস, গ্রাউন্ডস ও ফ্যাসিলিটিসসহ একাধিক গুরুত্বপূর্ণ বিষয়ও আলোচনায় এসেছে। বিসিবি সভাপতি আমিনুল ইসলাম বুলবুল অস্ট্রেলিয়া থেকে অনলাইনে এ সভায় যুক্ত ছিলেন।

বিসিবি সিদ্ধান্ত নিয়েছে, বিপিএলে ক্রিকেটারদের বকেয়া পারিশ্রমিক পরিশোধ না করায় সংশ্লিষ্ট ফ্র্যাঞ্চাইজিগুলোর বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়া হবে। ভবিষ্যতে সব ক্রিকেটারের পারিশ্রমিক সরাসরি বোর্ড থেকে প্রদান করা হবে বলেও সিদ্ধান্ত নেওয়া হয়।

বিপিএলের আসন্ন আসরকে বিশেষ গুরুত্ব দিয়ে দ্রুত সময়ে মধ্যে স্পোর্টস মার্কেটিং পরামর্শক নিয়োগের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। পাশাপাশি, বিপিএলে দুর্নীতি কমাতে আইসিসি এন্টি করাপশন ইউনিট (আকসু)কে আরও শক্তিশালী করার পরিকল্পনা রয়েছে বিসিবির।

এ সভায়, জাতীয় দলের জন্য জুলিয়ান রস উডকে ব্যাটিং কনসালটেন্ট এবং ডেভিড স্কটকে মাইন্ড ট্রেনার হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে। প্রধান কিউরেটরের দায়িত্ব দেওয়া হয়েছে টনি হেমিংকে, যিনি আগামী দুই বছর এই দায়িত্ব পালন করবেন।

অন্যদিকে, বিসিবি সাতটি আঞ্চলিক ক্রিকেট অ্যাসোসিয়েশন বাতিল করেছে। জাতীয় ক্রিকেট লিগের চারদিনের ম্যাচে ঢাকা মেট্রো পরিবর্তে ময়মনসিংহ বিভাগ অংশ নেবে বলে সিদ্ধান্ত নেওয়া হয়েছে।